গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ১২৯ তারিখ: ১৯ এপ্রিল ২০১৮

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মার্চ ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৮ এপ্রিল ২০১৮, সময় : সকাল ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত মার্চ ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।<br>সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা বেশী থাকায় মহাপরিচালক সন্তোষ প্রকাশ করেন। আর্থিক অনুদান সংক্রান্ত প্রাপ্ত কেইসসমূহ অবশ্যই দুই মাসের মধ্যে নিষ্পত্তি করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত প্রাপ্ত কেইসসমূহ অবশ্যই দুই মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | ইআরপি সিস্টেম ব্যবহার | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সার্বিক কার্যক্রম ইআরপি সিস্টেমের আওতায় আনয়নের লক্ষ্যে টেকনোহেভেন কোম্পানী কর্তৃক নির্মিত সফটওয়্যারটি সম্পূর্ণ ব্যবহার উপযোগী করণের নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়। সভায় পরিচালক (আইআরপি) জানান যে, গঠিত কমিটি ইতোমধ্যে কাজ শুরু করেছে। প্রত্যেককে দায়িত্ব আলাদা করে দেয়া হয়েছে। যেন যথাযথভাবে সংশ্লিষ্ট এসআরএস ও চাহিত রিকুইজিশন অনুযায়ী রির্পোট তৈরী করতে পারে। আশা করা যায় নির্দিষ্ট সময়ের মধ্যেই রিপোর্ট দেয়া সম্ভব হবে। | গঠিত কমিটি কর্তৃক ইআরপি সফটওয়্যার ব্যবহারে উদ্ভূত সমস্যাসমূহ চিহ্নিত করে নির্দিষ্ট সময়ের মধ্যে একটি পূর্ণাঙ্গ রিপোর্ট দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.০ | কল্যাণ বোর্ডের ইনোভেশন কার্যক্রম ও শোকেসিং । | (ক) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী কল্যাণ বোর্ডের ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আণয়নের লক্ষ্যে অফিসের বাহিরে সুবিধাজনক স্থানে কর্মকর্তাদের ইনোভেশন সম্পর্কিত একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে এটুআই প্রকল্পের প্রশিক্ষকদের সহায়তা গ্রহণপূর্বক তা বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সার্বিক কার্যক্রম শোকেসিং(Showcasing) এর মাধ্যমে সর্বসাধারণের জ্ঞাতার্থে একটি ওয়ার্কশপ অনুষ্ঠানের প্রস্তাব করেন যা সভায় আলোচনা হয়। সভায় পরিচালক (প্রশাঃ ও উন্নয়ন) জানান যে, ওয়ার্কশপ অনুষ্ঠানের লক্ষ্যে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত করা হচ্ছে। আশা করা যায় চলতি মাসের শেষ সপ্তাহে বাস্তবায়ন করা সম্ভব হবে। | (ক) কল্যাণ বোর্ডের ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে অফিসের বাহিরে সুবিধাজনক স্থানে কর্মকর্তাদের ইনোভেশন সম্পর্কিত শীঘ্রই প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সার্বিক কার্যক্রম শোকেসিং (Showcasing) এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করণের লক্ষ্যে চলতি মাসেই একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৪.০ | কর্মকর্তা/কর্মচারীদের কর্মবন্টন। | কল্যাণ বোর্ডের বিদ্যমান অর্গানোগ্রাম অনুসরণপূর্বক বাস্তবতার নিরীখে কর্মকর্তা/ কর্মচারীদের কর্মবন্টনের লক্ষ্যে একটি অফিস আদেশ প্রস্তুত করা প্রয়োজন মর্মে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। কর্মবন্টনে সহকারী পরিচালকদেরকে ইউনিট প্রধান রেখে অফিস আদেশ প্রস্তুত করতে হবে । উক্ত অফিস আদেশ প্রস্তুতের নিমিত্ত পরিচালক (অর্থ ও কল্যাণ) কে আহবায়ক করে নিম্নবর্ণিত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন যেতে পারে।<br><br>১) পরিচালক (অর্থ ও কল্যাণ) - আহবায়ক<br>২) পরিচালক (আইআরপি)- সদস্য<br>৩) পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)- সদস্য<br>৪) উপ-পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)- সদস্য<br>৫) হিসাব রক্ষণ কর্মকর্তা - সদস্য।<br>গঠিত কমিটি কর্তৃক আগামী ৭ (সাত) কার্যবদিবসের মধ্যে খসড়া কর্মবন্টন তৈরীপূর্বক কর্তৃপক্ষের বরাবর উপস্থাপন করতে হবে। | কল্যাণ বোর্ডের বিদ্যমান অর্গানোগ্রাম অনুসরণপূর্বক বাস্তবতার নিরীখে সহকারী পরিচালকদেরকে ইউনিট প্রধান রেখে একটি অফিস আদেশ তৈরী করার জন্য পরিচালক (অর্থ ও কল্যাণ) কে আহবায়ক করে নিম্নবর্ণিত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলোঃ<br>১) জনাব শফিকুল ইসলাম- আহবায়ক পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>২) নূরুন আখতার - সদস্য পরিচালক (আইআরপি)<br>৩)জনাব মোঃ জহিরুল ইসলাম - সদস্য পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br>৪))বেগম হালিমা আহমেদ - সদস্য উপ-পরিচালক(প্রশাঃও উন্নয়ন)<br>৫)জনাব মোঃ আতিকুল আলম - সদস্য হিসাব রক্ষণ কর্মকর্তা<br>গঠিত কমিটি কর্তৃক আগামী ৭ (সাত) কার্যবদিবসের মধ্যে খসড়া কর্মবন্টন প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবর উপস্থাপন করতে হবে। | |
| ৫.০ | কর্মকর্তা/কর্মচারীদের গ্রাচুইটি তহবিল সংরক্ষণের জন্য একটি একাউন্ট খোলা প্রসঙ্গে। | কল্যাণ বোর্ডের কর্মচারীদের চাকুরি শেষে গ্রাচুইটিসহ প্রযোজ্য সুযোগ-সুবিধা যাতে এককালীন সহজেই পেতে পারে সেজন্য প্রবাসী কল্যাণ ব্যাংক হতে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক এতদসংক্রান্ত নীতিমালা গঠনসহ একটি কর্মচারী কল্যাণ ট্রাস্ট বোর্ড ও তহবিল গঠনের বিষয়ে নিম্নবর্ণিত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলোঃ<br>১) জনাব মোঃ জহিরুল ইসলাম - আহবায়ক পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br>২) জনাব মুহাম্মদ হাবিবুল্লাহ বাহার, - সদস্য উপ-পরিচালক (অর্থ ও বোর্ড)<br>৩) জনাব মোঃ জহিরুল ইসলাম ভূইয়া - সদস্য হিসাব রক্ষণ কর্মকর্তা | কল্যাণ বোর্ডের কর্মচারীদের চাকুরি শেষে গ্রাচুইটিসহ প্রযোজ্য সুযোগ-সুবিধা যাতে এককালীন সহজেই পেতে পারে সেজন্য প্রবাসী কল্যাণ ব্যাংক হতে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক এতদসংক্রান্ত নীতিমালা গঠনসহ একটি কর্মচারী কল্যাণ ট্রাস্ট বোর্ড ও তহবিল গঠনের বিষয়ে নিম্নবর্ণিত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলোঃ<br>১)জনাব মোঃ জহিরুল ইসলাম- আহবায়ক পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br>২) জনাব মুহাম্মদ হাবিবুল্লাহ বাহার- সদস্য উপপরিচালক (অর্থ ও বোর্ড) | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪) জনাব খুরশীদ আলম - সদস্য<br>সহকারী পরিচালক<br>৫)জনাব মোঃ নাজমুল হক - সদস্য<br>উপ-সহকারী পরিচালক<br>গঠিত কমিটি কর্তৃক আগামী সমন্বয় সভায় এতদসংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রতিবেদন দাখিল করার বিষয়ে আলোচনা হয়। | ৩) জনাব জহিরুল ইসলাম ভূইয়া- সদস্য<br>হিসাব রক্ষণ কর্মকর্তা<br>৪) জনাব খুরশীদ আলম - সদস্য<br>সহকারী পরিচালক<br>৫)জনাব মোঃ নাজমুল হক - সদস্য<br>উপ-সহকারী পরিচালক<br>গঠিত কমিটি কর্তৃক আগামী সমন্বয় সভায় এতদসংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রতিবেদন দাখিল করবেন। | |
| ৫.০ | প্রবাসী কর্মীদের কল্যাণে হাসপাতাল/ শিক্ষা প্রতিষ্ঠান/ আইটি সেন্টার নির্মাণের জন্য জমি ক্রয়। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী পূর্বাচল অথবা ঢাকার অদূরে সুবিধাজনক স্থানে প্রবাসীদের কল্যাণার্থে হাসপাতাল / ডায়াগনস্টিক সেন্টার/ শিক্ষা প্রতিষ্ঠান/ আইটি সেন্টার এবং কর্মচারীদের আবাসন নির্মাণের জন্য চাহিদা মোতাবেক জমি ক্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহের বিষয়ে আলোচনা হয়। | প্রবাসীদের কল্যাণার্থে হাসপাতাল / ডায়াগনস্টিক সেন্টার/ শিক্ষা প্রতিষ্ঠান/ আইটি সেন্টার এবং কর্মচারীদের আবাসন নির্মাণের জন্য চাহিদা মোতাবেক জমি ক্রয়ের বিষয়ে সরজমিনে গমনপূর্বক জমির মালিকানা যাচাই করে এতদসংক্রান্ত একটি সুনির্দিষ্ট প্রস্তাব উপস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৬.০ | কল্যাণ বোর্ডের লাইব্রেরীর জন্য বই ক্রয়। | মহাপরিচালক জানান যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের লাইব্রেরীকে আরও সমৃদ্ধ করা প্রয়োজন। লাইব্রেরীতে সরকারি চাকুরি সংক্রান্ত সকল প্রকার বই, প্রচলিত অভিবাসন আইন-কানুন সম্পর্কিত, প্রশাসনিক, সংবিধানিক, মানবাধিকার সংক্রান্ত এবংবিশ্ব বরেণ্য ব্যক্তিদের আত্মজীবনী সম্পর্কিত, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক তথ্যবহুল নূন্যতম ১০০ টি বই ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (আইআরপি) কে নির্দেশনা প্রদান করেন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের লাইব্রেরীতে সরকারি চাকুরি সংক্রান্ত সকল প্রকার বই, প্রচলিত অভিবাসন আইন-কানুন সম্পর্কিত, প্রশাসনিক, সংবিধানিক, মানবাধিকার সংক্রান্ত এবং বিশ্ব বরেণ্য ব্যক্তিদের আত্মজীবনী সম্পর্কিত, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক তথ্যবহুল নূন্যতম ১০০ টি বই ক্রয় করতে হবে। | পরিচালক (আইআরপি) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিষ্ট্রেটর/সিস্টেম এ্যাডমিনিষ্ট্রেটর, আইটি শাখা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৮।